ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২২

আগরতলা,৩০ জুলাই,২০২৫

**মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি**

**রাজ্যে উপলব্ধ উন্নত চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করতে মুখ্যমন্ত্রীর আহ্বান**

রাজ্যেই বর্তমানে উন্নত চিকিৎসা পরিষেবার সমস্ত সুযোগ সুবিধা রয়েছে। সুপার স্পেশালিটি পরিষেবাও চালু রয়েছে। উন্নত চিকিৎসার জন্য বাইরে যাওয়ার প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। রাজ্যে উপলব্ধ উন্নত চিকিৎসা পরিষেবার সুযোগগুলি গ্রহণ করার জন্য মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আসা সাহায্য প্রত্যাশীদের প্রতি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই আহ্বান জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৫০তম পর্বে আজও মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে সমস্যা পীড়িত মানুষের সাথে মুখ্যমন্ত্রী সরাসরি কথা বলেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত সাহায্য প্রত্যাশীদের চিকিৎসা, কর্মসংস্থান সহ নানাবিধ সমস্যার কথা শুনে মুখ্যমন্ত্রী তাদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেন। বিলোনীয়ার রাজনগরের রত্নাবালা পাল তার অসুস্থ ছেলের চিকিৎসার জন্য সাহায্যের আর্জি জানান। তার ছেলে বর্তমানে মুম্বাইয়ের টাটা মেমোরিয়াল হাসপাতালে চিকিৎসাধীন। এই বিষয়ে মুখ্যমন্ত্রী সাথে সাথে রত্নাবালা পালের ছেলের চিকিৎসায় সহায়তার প্রয়োজনীয় পদক্ষেপ নেন। গুরুতর অসুস্থ তেলিয়ামুড়ার সঞ্জয় পাল তার চিকিৎসার সাহায্য চাইলে মুখ্যমন্ত্রী জিবি হাসপাতালের মেডিক্যাল সুপারকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশ দেন। সাব্রুম মনুবাজারের অভিজিৎ লস্কর এসেছিলেন তার চোখের চিকিৎসায় সহায়তার আর্জি নিয়ে। মুখ্যমন্ত্রী অভিজিৎ-এর সমস্যার কথা শুনে তার চিকিৎসায় প্রয়োজনীয় পদক্ষেপ নেন। এছাড়াও বাধারঘাটের মৌসুমী সরকার, বড়দোয়ালীর বাসন্তি ভৌমিক সহ আরও অনেকে মুখ্যমন্ত্রীর সাথে কথা বলে তাদের সমস্যা সমাধানে আশ্বস্ত হন।

আজকের এই মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর সচিব ড. পি. কে. চক্রবর্তী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. তপন মজুমদার, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, আই.জি.এম. হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. দেবাশ্রি দেববর্মা, অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শিরমনি দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

*****